



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ১৬.০৩.২০২৪

### প্রেস রিলিজ

#### পাবিপ্রবি শিক্ষার্থীদের ক্রীড়া প্রতিযোগিতার সার্টিফিকেট বিতরণ

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪-এর বিজয়ী শিক্ষার্থীদের মাঝে আজ সার্টিফিকেট বিতরণ করা হয়েছে। ১৬ মার্চ দুপুর ১২টায় উপাচার্য কার্যালয়ে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন বিজয়ীদের মাঝে সার্টিফিকেট বিতরণ করেন। এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. এসএম মোস্তফা কামাল খান এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সালাহ উদ্দীন। আরও উপস্থিত ছিলেন বিভিন্ন অনুষদের ডিন, জ্যেষ্ঠ শিক্ষক, প্রষ্ঠর ড. মো. কামাল হোসেন, ছাত্র উপদেষ্টা ড. মো. নাজমুল হোসেন'সহ অনেকে।

তিনদিনব্যাপী ক্রীড়া প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অংশগ্রহণ করেন। বিভিন্ন ইভেন্টে গত ৩ মার্চ থেকে শুরু হয়ে ৫ মার্চ পর্যন্ত খেলাগুলো পরিচালিত হয়।

বার্তা প্রেরক

মো.বাবুল হোসেন  
সহকারী পরিচালক  
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর  
পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।